USDA Farm Service Agency
U.S. DEPARTMENT OF AGRICULTURE

# জরুরি ত্রাণ কর্মসূচি (ইআরপি)

## পণ্য ও বিশেষ ফসল উৎপাদনকারীদের জন্য বিপর্যয় পুনরুদ্ধার সহায়তা



## পটভূমি

৩০ সেপ্টেম্বর, ২০২১-এ প্রেসিডেন্ট বাইডেন এক্সটেন্ডিং গভর্মেন্ট ফান্ডিং অ্যান্ড ডেলিভারিং এমার্জেন্সি অ্যাসিস্ট্যান্স অ্যাক্টে (পি.এল. ১১৭-৪৩) সই করেছিলেন, যার মধ্যে রয়েছে, ২০২০ এবং ২০২১ ক্যালেন্ডার বর্ষে দাবানল, খরা, ঘূর্ণিঝড়, তুষার ঝড় ও অন্যান্য যথার্থ বিপর্যয়ের শিকার হওয়া কৃষি উৎপাদনকারীদের জন্য ১০ বিলিয়ন ডলারের সহায়তা প্রদান। ফার্ম সার্ভিস এজেন্সিও **এমার্জেন্সি লাইভস্টক রিলিফ প্রোগ্রাম (ইএলআরপি)**-এর প্রথম ধাপে খরা ও দাবানলে ক্ষতিগ্রস্ত পশুপালকদের অর্থপ্রদান করেছে। ইআরপি হচ্ছে এই আইনে ত্রাণের আরেকটি অংশ।

## সংক্ষিপ্তসার

ইআরপি-র আওতায় রয়েছে ২০২০ ও ২০২১ ক্যালেন্ডার বর্ষে প্রাকৃতিক বিপর্যয়ের জেরে ফসল, গাছ, ঝোপঝাড় এবং আঙুর ক্ষেতের ক্ষয়ক্ষতি।

ফসল বপনের জন্য ও বিশেষ ফসল উৎপাদনকারীদের নিম্নলিখিত দুটি পর্যায়ের মাধ্যমে ক্ষতিগ্রস্ত উৎপাদনকারীদের জরুরি ত্রাণ দেবে এফএসএ:

- প্রাথমিকভাবে দেয় অর্থের হিসেবের জন্য পর্যায় ১-এ **ফেডারেল ক্রপ ইনস্যুরেন্স বা নমিনেটেড ক্রপ ডিজাস্টার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (এনএপি)**-এর পরিসংখ্যানের ভিত্তিতে সুবিধা প্রদান করা হবে।
- অতিরিক্ত সহায়তার ফাঁকফোকর মেটানো এবং উপযুক্ত উৎপাদনকারী, যাঁরা প্রচলিত ঝুঁকিপূর্ণ পরিচালন প্রোগ্রামে অংশ নেননি, তাঁদের সাহায্যের আওতায় আনতেই পর্যায় ২-এর ব্যবস্থা।

উৎপাদনকারী, বিশেষত অতি সক্রিয় বঞ্চিত উৎপাদনকারী, যাঁরা আগের ত্রাণ প্রক্রিয়ার সুবিধা নিতে পারেননি, তাঁদের ওপর বোঝা কমিয়ে আবেদন প্রক্রিয়াকে সঠিক পথে আনা এবং প্রচলিত ঝুঁকিপূর্ণ পরিচালন পদ্ধতি, যা ভবিষ্যতে চরম আবহাওয়াজনিত ঘটনার মোকাবিলায় উৎপাদনকারীদের সাহায্য করতে পারে, তাকে উৎসাহিত করতে এই দুই পর্যায়ের দৃষ্টিভঙ্গি ইউএসডিএ-কে সহায়তা করবে।

## যোগ্যতা – পর্যায় ১

উপযুক্ত ফসল, যার মধ্যে রয়েছে সব ফসল, যেগুলি ফেডারেল ফসল বিমা বা এনএপি আওতাধীন এবং পশুচারণের জন্য চাষকার্য ব্যতীত যে ফসলের বিমা ক্ষতিপূরণ কিংবা এনএপি পেমেন্ট পাওয়া গেছে। প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে রয়েছে, দাবানল, ঘূর্ণিঝড়, বন্যা, কালবৈশাখী, মাত্রাতিরিক্ত তাপ, তুষার ঝড়, বরফ জমা (মেরু ঘূর্ণি সহ), ধোঁয়া নির্গমন, অত্যধিক স্যাঁতস্যাঁতে অবস্থা, খরা ও সম্পর্কিত পরিস্থিতি।

"সম্পর্কিত পরিস্থিতি"র ক্ষেত্রে ইআরপি-র জন্য যোগ্যতামান হল, ক্ষতিকর আবহাওয়া ও প্রতিকূল প্রাকৃতিক ঘটনাবলী, যা সুনির্দিষ্ট বিপর্যয়ের ঘটনার জেরে প্রত্যক্ষ প্রভাব ফেলেছে। এগুলির মধ্যে রয়েছে:

- মাত্রাতিরিক্ত বায়ুপ্রবাহ যা প্রবল ঝড়ের সরাসরি প্রভাব হিসেবে ঘটেছে;
  - পলি জমা ও ধ্বংসাবশেষ, যা বন্যার সরাসরি প্রভাবে ঘটেছে;
- অতিরিক্ত বাতাস, প্রবল ঝড়, টর্নেডো, গ্রীষ্মকালীন ঝড়, ও গ্রীষ্মকালীন নিম্নচাপ, যেগুলি হ্যারিকেনের সরাসরি প্রভাব হিসেবে ঘটেছে; এবং
- মাত্রাতিরিক্ত বাতাস ও তুষার ঝড়, যা শীতকালীন ঝড়ের সরাসরি প্রভাব হিসেবে ঘটেছে।

খরার জন্য ইআরপি সাহায্য পাওয়া যাবে, যদি কাউন্টির মধ্যে থাকা কোনও এলাকা, যেখানে খরার তীব্রতা দেখে ইউ. এস. ড্রট মনিটর ক্ষয়ক্ষতির মাত্রা নির্ধারণ করে:

- ডি২ (মারাত্মক খরা) পরপর আট সপ্তাহ ধরে; অথবা
- ডি৩ (চরম খরা) বা তার চেয়ে আরও তীব্র খরার ক্ষেত্রে।

ইআরপি-র জন্য উপযুক্ত ২০২০ এবং ২০২১-এর খরা কবলিত কাউন্টিগুলির তালিকা **এমার্জেন্সি রিলিফ ওয়েবসাইটে** পাওয়া যাবে।

## আরও তথ্য জানতে

অতিরিক্ত ইউএসডিএ বিপর্যয় সহায়তা তথ্য মিলতে পারে, ফার্মার্স ডট গভ, **ডিজাস্টার অ্যাসিস্ট্যান্স ডিসকভারি টুল**, **ডিজাস্টার-অ্যাট-আ-গ্লান্স ফ্যাক্ট শিট**, এবং **ফার্ম লোন ডিসকভারি টুল**-এ।

এফএসএ এবং ন্যাচারাল রিসোর্সেস কনজারভেশন সার্ভিস প্রোগ্রাম-এর জন্য উৎপাদনকারীরা স্থানীয় **ইউএসডিএ সার্ভিস সেন্টারে** যোগাযোগ করুন।

ফসল বিমা আদায়ে সহায়তার জন্য উৎপাদনকারী ও বাড়ি মালিকরা তাঁদের **ক্রপ ইনস্যুরেন্স এজেন্ট**-এর সঙ্গে যোগাযোগ করুন।



## কীভাবে আবেদন – পর্যায় ১

ইআরপি পর্যায় ১-এর সুবিধাগুলি সহজভাবে পৌঁছে দিতে; এফএসএ উৎপাদনকারীদের কাছে আগে পূরণ করা আবেদন পত্র পাঠাবে, যাঁদের ফসল বিমা ও এনএপি তথ্য ফাইলে আগেই রয়েছে, কারণ, তাঁরা ফসল বিমা ক্ষতিপূরণ বা এনএপি-তে অর্থসাহায্য পেয়েছেন। এই ফর্মে রয়েছে, ক্ষতিপূরণের উপযুক্ততার শর্তাবলী, আবেদন প্রক্রিয়ার রূপরেখা, এবং ইআরপি-র অধীনে দেয় অর্থের তথ্য। প্রতি প্রোগ্রাম বর্ষের জন্য উৎপাদনকারীরা একটি পৃথক আবেদন পত্র পাবেন। আগে পূরণ করা আবেদন পত্র পেলেও এটা নিশ্চিত নয় যে, উৎপাদনকারী ইআরপি পর্যায় ১-এর অর্থ পাবেনই। পুরোপুরি পূরণ করা ও স্বাক্ষর সহ ইআরপি পর্যায় ১ আবেদন পত্র উৎপাদনকারীদের তাঁদের স্থানীয় এফএসএ কাউন্টি অফিসে ফেরত দিতে হবে।

ফার্ম প্রোগ্রামের জন্য ডেপুটি অ্যাডমিনিস্ট্রেটরের সিদ্ধান্ত মেনে একটি পরবর্তীকালে ঘোষিত সময়সীমার মধ্যে এফএসএ সহ উৎপাদনকারীদের ফাইলের মধ্যে অবশ্যই নিম্নলিখিত ফর্মগুলিও থাকতে হবে:

- ফর্ম এডি-২০৪৭, কাস্টমার ডাটা ওয়ার্কশিট
- ফর্ম সিসিসি-৯০২, ব্যক্তি বা আইনি স্বত্বাধিকারীর জন্য ফার্ম অপারেটিং প্ল্যান
- ফর্ম সিসিসি-৯০১, মেম্বার ইনফরমেশন ফর লিগ্যাল এন্টিটিজ (যদি প্রযোজ্য হয়)
- ইআরপি উৎপাদনকারী ও উপযুক্ত নথিভুক্তদের জন্য অত্যন্ত ক্ষয়যোগ্য জমির সংরক্ষণ (কখনও কখনও এইচইএলসি বোঝায়) এবং জলাভূমি সংরক্ষণ শংসাপত্র (ফর্ম এডি-১০২৬ হাইলি ইরোডিবল ল্যান্ড কনজারভেশন (এইচইএলসি) এবং ওয়েটল্যান্ড কনজারভেশন (ডব্লুসি) সার্টিফিকেশন)।

অধিকাংশ উৎপাদনকারী, বিশেষত যাঁরা আগে এফএসএ প্রোগ্রামে অংশ নিয়েছেন, তাঁদের ফাইলে এইসব সব প্রয়োজনীয় ফর্ম থাকবে। যদিও, যাঁরা অনিশ্চিত, কিংবা নিশ্চিত হতে চান, তাঁদের যোগাযোগ করা উচিত **লোকাল এফএসএ কাউন্টি অফিসে।**

নির্ধারিত সীমার বাড়তি অর্থ বা অর্থের হারের জন্য উপযুক্ত বিবেচিত হতে ওপরে তালিকাভুক্ত ফর্মের অতিরিক্ত হিসেবে কিছু কিছু উৎপাদনকারীকে নিম্নলিখিত ফর্মগুলিও পেশ করতে হবে।

- ফর্ম এফএসএ-৫১০, ১২৫,০০০ ডলার পেমেন্ট লিমিটেশন ফর সার্টেন প্রোগ্রামের ব্যতিক্রম হিসেবে বিবেচনার জন্য অনুরোধ।
- ফর্ম সিসিসি-৮৬০, সোশ্যালি ডিসঅ্যাডভানটেজড, লিমিটেড রিসোর্স, বিগিনিং অ্যান্ড ভেটারেন ফার্মার অথবা রাঞ্চার সার্টিফিকেশন, প্রযোজ্য প্রোগ্রাম বর্ষের জন্য।

## পেমেন্ট কীভাবে হিসেব করা হয় – পর্যায় ১

ইআরপি পর্যায় ২-এর অধীন পেমেন্ট সহ মোট ইআরপি যাতে প্রাপ্য তহবিলের বেশি না হয়, তা নিশ্চিত করতে ফসল বিমার আওতায় থাকা ফসলের ক্ষেত্রে ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট আনুপাতিক হারের ৭৫ শতাংশের মধ্যে রাখা হয়। এনএপি-আওতাধীন ফসলের ক্ষেত্রে ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট আনুপাতিক হারে করা যাবে না, কারণ, উল্লেখযোগ্যভাবে ছোট এনএপি পোর্টফোলিও, যা এর প্রকৃতি অনুযায়ী, শুধুমাত্র ছোট জমির মধ্যেই সীমাবদ্ধ থাকে এবং বিশেষ বিশেষ ফসল, যা ফসল বিমার আওতায় পড়ে না।

এজেন্সিগুলির সঙ্গে হিসেব করার সময় ফাইলে থাকা তথ্যের ভিত্তিতে ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট স্থির করবে আরএমএ এবং এফএসএ।



উৎপাদনকারী কোন ধরনের ও কোন লেভেলের কভারেজ পেয়েছেন, তার ভিত্তিতে কোনও ফসল এবং ইউনিটের জন্য ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট হিসেব করা হয়। কোন ধরনের কভারেজ ক্রয়ের কারণে কোন প্রক্রিয়ায় ক্ষতি হয়েছে, তার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রত্যেক উৎপাদনকারীর ক্ষতির হিসেব করবে আরএমএ এবং এফএসএ। এই হিসেব করা অর্থ, ফসল বিমা থেকে ক্ষয়ক্ষতি বাবদ পাওয়া মোট অর্থ বা এনএপি পেমেন্ট থেকে বাদ দেওয়া হবে, যা সার্ভিস ফি ও প্রিমিয়াম বাদ দিয়ে ক্ষয়ক্ষতির জন্য ফসল বিমা থেকে প্রাপ্ত মোট ক্ষতিপূরণ, অথবা ইতিমধ্যে পাওয়া এনএপি পেমেন্টের সমান।

## ইআরপি ফ্যাক্টর টেবিল

ইআরপি ফ্যাক্টর টেবিল নীচে এবং **এমার্জেন্সি রিলিফ ওয়েবসাইটে** পাওয়া যেতে পারে:

| ক্রপ ইনস্যুরেন্স লেভেল | ইআরপি ফ্যাক্টর (শতাংশ) |
|---|---|
| বিপর্যয় সংক্রান্ত কভারেজ | ৭৫ |
| বিপর্যয় কভারেজের চেয়ে বেশি কিন্তু ৫৫ শতাংশের কম | ৮০ |
| কমপক্ষে ৫৫ শতাংশ কিন্তু ৬০ শতাংশের কম | ৮২.৫ |
| কমপক্ষে ৬০ শতাংশ কিন্তু ৬৫ শতাংশের কম | ৮৫ |
| কমপক্ষে ৬৫ শতাংশ কিন্তু ৭০ শতাংশের কম | ৮৭.৫ |
| কমপক্ষে ৭০ শতাংশ কিন্তু ৭৫ শতাংশের কম | ৯০ |
| কমপক্ষে ৭৫ শতাংশ কিন্তু ৮০ শতাংশের কম | ৯২.৫ |
| কমপক্ষে ৮০ শতাংশ | ৯৫ |

| এনএপি কভারেজ লেভেল | ইআরপি ফ্যাক্টর (শতাংশ) |
|---|---|
| বিপর্যয়-সংক্রান্ত কভারেজ | ৭৫ |
| ৫০ শতাংশ | ৮০ |
| ৫৫ শতাংশ | ৮৫ |
| ৬০ শতাংশ | ৯০ |
| ৬৫ শতাংশ | ৯৫ |

কারণ, ২০২০ ও ২০২১ ক্যালেন্ডার বর্ষে একটি যথার্থ বিপর্যয়ের ঘটনার জেরে যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে, তা ব্যাখ্যা অনুযায়ী ফসল বিমা বা এনএপি-তে প্রযোজ্য অন্য উপযুক্ত কারণে ক্ষতি থেকে আলাদা করা যেতে পারে না, সমস্ত উপযুক্ত ক্ষয়ক্ষতির কারণে উৎপাদনকারীদের ক্ষতির ভিত্তিতে ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট হিসেব করা হবে।.

## ঐতিহাসিকভাবে বঞ্চিত উৎপাদনকারীরা

নতুন কৃষক, সীমিত সম্পদ, সামাজিকভাবে পশ্চাৎপদ ও প্রবীণ কৃষক এবং পশুপালক সহ ঐতিহাসিকভাবে বঞ্চিত উৎপাদনকারীদের ইআরপি পেমেন্টের হার হিসেব করা পেমেন্টের ১৫% বাড়ানো হবে।

উপযুক্ত উৎপাদনকারীদের আরও উচ্চ পেমেন্ট শতাংশের জন্য বিবেচিত হতে হলে, তাঁদের অবশ্যই **সিসিসি-৮৬০, সোশ্যালি ডিসঅ্যাডভানটেজড, লিমিটেড রিসোর্স, বিগিনিং অ্যান্ড ভেটারেন ফার্মার অথবা রাঞ্চার সার্টিফিকেশন**, ফর্ম প্রযোজ্য প্রোগ্রাম বর্ষের জন্য কার্যকর হওয়া এফএসএ সহ ফাইলের মধ্যে থাকতে হবে।

## পেমেন্ট লিমিটেশন এবং মোট নিয়মিত আয়

ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট সীমা নির্ধারিত হয় ব্যক্তির বা আইনি স্বত্বাধিকারীর খামার থেকে গড় নিয়মিত আয় (চাষবাস, পশুপালন, বা বনসৃজন সংক্রান্ত কাজ থেকে আয়)। যৌথ উদ্যোগ বা সাধারণ অংশীদারিত্ব ছাড়া একজন ব্যক্তি বা আইনি স্বত্বাধিকারী সরাসরি বা পরোক্ষভাবে বিশেষ ফসলের জন্য একটি প্রোগ্রাম বর্ষে ১২৫,০০০ ডলারের বেশি গ্রহণ করতে পারেন না এবং ইআরপি(পর্যায় ১ ও পর্যায় ২ মিলিতভাবে)-র অধীন অন্যান্য ফসলের ক্ষেত্রে ১২৫,০০০ ডলার, যদি না খামার থেকে তাঁদের গড় নিয়মিত (এজিআই) আয় তিনটি করযোগ্য বছরের মধ্যে সর্বশেষ সম্পন্ন হওয়া কর বর্ষের ঠিক আগের বছরের তাঁদের গড় এজিআই-এর ৭৫ শতাংশের কম হয়।



যদি অন্ততপক্ষে কোনও ব্যক্তি বা আইনি স্বত্বাধিকারীর গড় এজিআই-এর ৭৫ শতাংশ খামার চাষ, পশুপালন, বা বনসৃজন সংক্রান্ত কাজকর্ম থেকে আসে এবং অংশগ্রহণকারী যদি নিম্নলিখিত অনুযায়ী প্রয়োজনীয় সার্টিফিকেট ও নথিপত্র দেন, তবে যৌথ উদ্যোগ বা সাধারণ অংশীদারিত্ব বাদ দিলে ওই ব্যক্তি বা আইনি স্বত্বাধিকারী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যত ডলার পর্যন্ত পেতে পারেন:

- বিশেষ ফসলের ক্ষেত্রে প্রতি প্রোগ্রাম বর্ষে $৯০০,০০০; এবং
- অন্য সব ফসলের ক্ষেত্রে প্রত্যেক প্রোগ্রাম বর্ষে $২৫০,০০০

উৎপাদনকারীর এজিআই এবং খামার চাষ, পশুপালন, বা বনসৃজন সম্পর্কিত কাজকর্ম থেকে আয়ের হার নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কর বর্ষ হল:

- ২০২০ প্রোগ্রাম বর্ষের জন্য ২০১৬, ২০১৭, ও ২০১৮;
- ২০২১ প্রোগ্রাম বর্ষের জন্য ২০১৭, ২০১৮ ও ২০১৯; এবং
- ২০২২ প্রোগ্রাম বর্ষের জন্য ২০১৮, ২০১৯, ও ২০২০

পেমেন্টের সীমা বাড়ানোর অনুরোধ জানাতে অংশগ্রহণকারীদের অবশ্যই এফএসএ-৫১০ ফর্ম পেশ করতে হবে, সেইসঙ্গে খামার থেকে অংশগ্রহণকারীর গড় নিয়মিত আয়ের সার্টিফিকেট, যা কমপক্ষে তাঁদের গড় এজিআই-এর ৭৫ শতাংশ হতে হবে এবং অংশগ্রহণকারীর প্রয়োজনীয় সব কিছু রয়েছে, এই সংক্রান্ত একটি সার্টিফিকেট লাইসেন্সড সার্টিফায়েড পাবলিক অ্যাকাউন্ট্যান্ট (সিপিএ) অথবা অ্যাটর্নি থেকে নিতে হবে। আরও জানতে **পেমেন্ট এলিজিবিলিটি অ্যান্ড পেমেন্ট লিমিটেশন** ওয়েবসাইট দেখুন।

## ভবিষ্যতে বিমা কভারেজের শর্তাবলী

গাছ, ঝোপঝাড়, বা আঙুর খেতের বিমা পলিসির ভিত্তিতে যাঁরা পেমেন্ট পাচ্ছেন, তাঁরা সহ ইআরপি পর্যায় ১-এর পেমেন্ট প্রাপ্ত সমস্ত উৎপাদনকারীকে বৈধভাবে ফসল বিমা কিনতে হবে, অথবা এনএপি কভারেজ থাকতে হবে, যেখানে সচিবের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী দুটি ফলন বছরের জন্য ফসল বিমা পাওয়া যায় না। অংশগ্রহণকারীদের অবশ্যই ফসল বিমা বা এনএপি রাখতে হবে, যেখানে যেটি প্রযোজ্য:

- কভারেজ লেভেল, যা বিমাযোগ্য ফসলের সমান বা ৬০ শতাংশের বেশি; অথবা
- এনএপি ফসলের ক্ষেত্রে বিপর্যয়ের স্তর বা তার বেশি

একজন উৎপাদনকারী যে দিনে ইআরপি পেমেন্ট পেয়েছেন, সেই তারিখ থেকে কভারেজের শর্তাবলী নির্ধারিত হবে এবং ফসল বিমা কিংবা উৎপাদনকারীর নির্দিষ্ট ফসলের জন্য এনএপি-র সময় ও প্রাপ্যতা অনুযায়ী তার হেরফের হতে পারে। এই প্রয়োজনে দ্বিতীয় বর্ষের কভারেজ মেটাতে ফসল বিমা ক্রয় বা এনএপি কভারেজের জন্য চূড়ান্ত ফসল বছর হল ২০২৬ ফসল বর্ষ।

## জরুরি ত্রাণ – পর্যায় ২ (ফসল ও গবাদিপশু উৎপাদনকারী)

ফসল (ইআরপি) এবং গবাদিপশু (ইএলআরপি), উভয় কর্মসূচির দ্বিতীয় পর্যায় বিভিন্ন ফাঁক পূর্ণ করবে এবং সেই সব উৎপাদনকারীকে সাহায্যের আওতায় আনবে, যাঁরা এই প্রক্রিয়ায় অংশগ্রহণ করেননি বা পেমেন্ট পাননি, যা পর্যায় ১ বাস্তবায়নের জন্য প্রচলিত প্রোগ্রামের মাধ্যমে দেওয়া হচ্ছে।

সমস্ত ইআরপি তথ্য ও সাহায্যের উৎসগুলি এমার্জেন্সি রিলিফ ওয়েবসাইটে আপডেট করা হবে, যেহেতু পর্যায় ২-এর নীতি ও ব্যবস্থাসমূহ পাওয়া যাচ্ছে।